অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বিবিধ শিল্পক্ষেত্র জুড়ে সর্বনিম্নের চেয়েও কম মজুরির সমাপ্তি ঘোষণা করেন

70,000 এরও বেশি লোকের উপর এই আদেশের প্রভাব পড়ে, যার মধ্যে রয়েছে: নখের সেলুনের কর্মীরা, হেয়ারড্রেসারেরা, সৌন্দর্যবেত্তারা, গাড়ি ধোয়ার শ্রমিকেরা, ভ্যালে পার্কিং পরিচারক, দারোয়ানেরা, এবং টো ট্রাক চালকেরা

সকল শিল্পক্ষেত্র জুড়ে প্রভাবিত ব্যক্তিদের থেকে সাক্ষ্যগ্রহণ এবং নিবিড় অধ্যয়নের পরে ***শ্রম বিভাগের (Department of Labor, DOL) সর্বনিম্নের চেয়েও কম মজুরির রিপোর্ট এবং সুপারিশসমূহ প্রকাশ করল***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করলেন যে, রাজ্য শ্রম দপ্তর (State Department of Labor) রাজ্য জুড়ে 'বিবিধ' শিল্পক্ষেত্রের জন্য সর্বনিম্নের চেয়েও কম মজুরি দূর করার নির্দেশ জারি করছে। এই আদেশের প্রভাব 70,000 এরও বেশি বকশিশ পাওয়া কর্মীদের উপর পড়েছে এবং এটি বিভ্রান্তি শেষ করবে এবং সেই সরাসরি মজুরী চুরি শেষ করবে যা তাদের অর্জন করা বকশিশের আয় থেকে বঞ্চিত করতে প্রমাণিত। নতুন ব্যবস্থায় যে শ্রমিকেরা প্রভাবিত হবে তাদের মধ্যে রয়েছে: নখের সেলুনের কর্মীরা, হেয়ারড্রেসারেরা, সৌন্দর্যবেত্তারা, গাড়ি ধোয়া শ্রমিকেরা, ভ্যালেট পার্কিং পরিচারকেরা, দারোয়ানেরা, টো ট্রাক চালকেরা, কুকুরদের গ্রুমার এবং ভ্রমণ প্রদর্শকেরা।

"নিউ ইয়র্কে, একটি ন্যায্য দিনের কাজের জন্য আমরা ন্যায্য দিনের বেতনে বিশ্বাস করি," **গভর্নর কুওমো বলেন।** "কিন্তু শ্রম অধিদপ্তর দ্বারা পরিচালিত একটি সম্পূর্ণ তদন্তের পর, এটা পরিষ্কার যে অনেক পরিস্থিতিতে বকশিশ পদ্ধতি অযথা জটিল, এবং সেটি অসৎ ব্যবসাদের আমাদের জাতি-নেতৃস্থানীয় সর্বনিম্নের চেয়েও কম মজুরী আইনের অমান্য করতে এবং শ্রমিকদের অর্জিত পাওনা হরণ করার অনুমতি দেয়। সেটা এখন শেষ হচ্ছে। আজ আমি শ্রম বিভাগকে নির্দেশ দিচ্ছি, শ্রমিকদের প্রতি সুবিচার ফিরিয়ে আনতে সাহায্য করার জন্য, মজুরী চুরির সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ শিল্পক্ষেত্রে টিপ ক্রেডিটের অবসান ঘটাতে, যাদের মধ্যে অনেকগুলি আমাদের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যায় যে সব পরিষেবা শিল্প, তার জন্য গুরুত্বপূর্ণ।"

বিবিধ শিল্পক্ষেত্রের জন্য বকশিশ মজুরি বর্জন এক বছর সময়ের পর্যায়ক্রমে হবে, একটি আক্রমণাত্মক সময়সূচি যা কর্মীদের ত্রাণ প্রদান করবে এবং এই পরিবর্তনগুলির সাথে সামঞ্জস্য রাখার জন্য ব্যবসাদের সময় দেওয়া হবে যাতে অসাবধানতাবশত কাজের ক্ষতি না হয়।

এই সূচির মধ্যে রয়েছে:

- জুন 30, 2020-তে ন্যূনতম মজুরি ও বর্তমান বকশিশ মজুরির মধ্যে ফারাক অর্ধেক করে দেওয়া হবে।
- ডিসেম্বর 31, 2020-তে বকশিশ মজুরি সম্পূর্ণরূপে নির্মূল করা হবে এবং এই সমস্ত শিল্পক্ষেত্রে শ্রমিকরা স্বাভাবিক ন্যূনতম মজুরী অর্জন করবে।

বিবিধ শিল্পক্ষেত্রে বকশিশ পাওয়া শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি											
	NYC				লি অ্যান্ড ওয়েস্টচেস্টার				নিউ ইয়র্কের অবশিষ্ট		
	MW	কম টিপস	উচ্চ টিপস		MW	কম টিপস	উচ্চ টিপস		MW	কম টিপস	উচ্চ টিপস
12/31/2019	15.00 মার্কিন ডলার	12.75 মার্কিন ডলার	11.35 মার্কিন ডলার		13.00 মার্কিন ডলার	11.05 মার্কিন ডলার	9.80 মার্কিন ডলার		11.80 মার্কিন ডলার	10.05 মার্কিন ডলার	9.80 মার্কিন ডলার
6/30/2020	15.00 মার্কিন ডলার	13.85 মার্কিন ডলার	13.15 মার্কিন ডলার		13.00 মার্কিন ডলার	12.00 মার্কিন ডলার	11.40 মার্কিন ডলার		11.80 মার্কিন ডলার	10.90 মার্কিন ডলার	10.35 মার্কিন ডলার
12/31/2020	15.00 মার্কিন ডলার	15.00 মার্কিন ডলার	15.00 মার্কিন ডলার		14.00 মার্কিন ডলার	14.00 মার্কিন ডলার	14.00 মার্কিন ডলার		12.50 মার্কিন ডলার	12.50 মার্কিন ডলার	12.50 মার্কিন ডলার

বিবিধ শিল্পক্ষেত্রের জন্য রাজ্যের টিপ ক্রেডিট শেষ হওয়া -- সেই কর্মীদের বর্তমান ন্যূনতম মজুরি পর্যন্ত নিয়ে আসা — সম্ভব হয় যখন শ্রম দপ্তর বিভিন্ন বকশিশ পাওয়া শিল্পক্ষেত্রে ব্যক্তিদের কাছ থেকে সাক্ষ্যগ্রহণ এবং শুনানি পরিচালনার পর একটি প্রতিবেদন ও প্রস্তাবনা প্রকাশ করে।

DOL প্রতিবেদনে মূল ফলাফলে উল্লেখ করা হয়েছে যে:

1) বর্তমান বকশিশ পদ্ধতি সামঞ্জস্যহীনভাবে আমাদের রাজ্যের সবচেয়ে কম বেতনভোগী শ্রমিকদের উপর প্রভাব বিস্তার করে: যথা নারী, সংখ্যালঘু ও অভিবাসী।
2) বিবিধ কর্মীরা বকশিশ কম পান এবং তাদের ন্যূনতম মজুরি উপার্জন করার অধিকার আছে কি না সে বিশয়ে তাদের ব্যাপক বিভ্রান্তি রয়েছে। এই কারণে বিশেষ শিল্পক্ষেত্রে ব্যাপক মজুরি চুরি হয়েছে, এবং একটি বাস্তব উদ্বেগ যে টিপ ক্রেডিট অন্যান্য শিল্পক্ষেত্রে

উপযুক্ত নয়, কেন না তাদের অনেক গ্রাহকদের কাছে এটা স্পষ্ট নয় যে বকশিশ আশা করা হয়।

নিউ ইয়র্ক রাজ্যের আইন নির্দিষ্ট কিছু শিল্পক্ষেত্রে বকশিশ পাওয়া কর্মচারীদের রাজ্য ন্যূনতম মজুরীর থেকে কম বেতন প্রদান করতে অনুমতি দেয়, যদি সেই কর্মচারীরা পার্থক্য পূরণ করার জন্য যথেষ্ট বকশিশ উপার্জন করেন। নির্দিষ্ট কর্মস্থলে যেখানে মজুরি এবং বকশিশ দুটোই সাধারণত কম, সেখানে শ্রমিকদের আয় প্রায় পুরোটা বকশিশের উপর নির্ভর করতে পারে।

আজকের এই পদক্ষেপে ক্ষতিগ্রস্ত শিল্পক্ষেত্রগুলো 30 বছরেরও বেশি সময় ধরে 'বিবিধ' নামে পরিচিত একটি শ্রেণীতে দলবদ্ধ ছিল, যার ফলে যেখানে এর আগে টিপ ক্রেডিট নিষিদ্ধ ছিল এমন বিভিন্ন শিল্পক্ষেত্রে একটি টিপ ক্রেডিট প্রতিষ্ঠার অনভিপ্রেত পরিণতি তৈরি হয়।

বাস্তবে, এই সকল শিল্পক্ষেত্রে অনেক নিয়োগদাতাদের জন্য কর্মচারীদের বকশিশের সঠিক হিসেব রাখা কঠিন, কারণ এগুলো আয়ের একটি স্থির এবং নির্ভরযোগ্য উৎস নয় যাতে শ্রমিকেরা তাদের জীবনযাত্রার খরচ পূরণের জন্য নির্ভর করতে পারে। উপরন্তু, দৈনিক এবং সাপ্তাহিক ওঠানামার কারণে শ্রমিকরা কম মজুরী পাচ্ছেন কি না এটা জানা তাদের জন্য কঠিন হয়ে পড়ে এবং জটিল টিপ ক্রেডিট রেকর্ড রাখার জন্য নিয়োগদাতাদের জন্য এটা জানা কঠিন হতে পারে যে তারা নিজেদের বাধ্যবাধকতা পূরণ করছে কিনা।

DOL দ্বারা সাক্ষ্য এবং তদন্তের মাধ্যমে, নিদর্শন আবির্ভূত হয় যে এই শিল্পক্ষেত্রগুলি খারাপ অনুশীলনের প্রবণ ছিল যার ফলে বকশিশ সব সময় শ্রমিকদের হাতে পৌঁছত না এবং মজুরি চুরি পরিকল্পনার ঝুঁকিপূর্ণ হত। 2018-তে প্রকাশিত শ্রম অধিদপ্তর দ্বারা অন্বেষিত মজুরি চুরির মামলার তিন বছরের মূল্যায়ন করে দেখা যায়, সব ন্যূনতম মজুরি-সংক্রান্ত মামলার প্রায় দুই-তৃতীয়াংশ ছিল বিবিধ শিল্প কর্মীদের শিল্পক্ষেত্রে, এবং 80 শতাংশ ক্ষেত্রে দেখা গেছে যে কর্মীরা মজুরি কম পাচ্ছে।

2008 সালে শ্রম বিভাগের এক তদন্তে জানা যায়, নিউ ইয়র্ক শহরে প্রতি 10 টি গাড়ি ধোয়ার স্থানের মধ্যে প্রায় আটটি এবং সারা রাজ্য জুড়ে দুটির মধ্যে একটি ন্যূনতম মজুরি এবং উপরি পরিশ্রম আইন লঙ্ঘন করে, যার মধ্যে কিছু পরিশোধ করে প্রতি ঘন্টায় মাত্র 3 মার্কিন ডলার। রাজ্যের সর্বত্র 84টি গাড়ি ধোয়ার স্থান পরিদর্শন করে তদন্তকারীরা 6.5 মিলিয়ন মার্কিন ডলার প্রকাশ্যে আনেন, 1,380 শ্রমিকদের কম মজুরি প্রদান হিসেবে।

নিউ ইয়র্ক রাজ্যে 15 মার্কিন ডলারের ন্যূনতম মজুরি ফেজ-ইন করা এবং অর্থনৈতিক সমতা আনা

গভর্নর কুওমো অর্থনৈতিক ন্যায্যতা ফিরিয়ে আনতে 15 ডলারের ন্যূনতম মজুরির আইন প্রণয়ন, দেশের সবচেয়ে শক্তিশালী সুরক্ষিত-চাকরি সবেতনে পারিবারিক ছুটির কর্মসূচি কার্যকর করা এবং সুপ্রিম কোর্টের বিধ্বংসী "জানুস" সিদ্ধান্তের পরে স্থানীয় ও স্টেট সরকারের সরকারী খাতের

কর্মীদের সুরক্ষা বৃদ্ধি সহ, প্রথম দায়িত্ব গ্রহণের পর থেকে নিউইয়র্ক স্টেটের কর্মজীবী পরিবারগুলোতে অর্থনৈতিক সমতা এবং সামাজিক ন্যায়বিচার পুনরুদ্ধার করার জন্য কাজ করেছেন। এই বছর, গভর্নর খামার শ্রমিক খসড়া আইন (Farm Workers Bill) প্রনয়ণ করে, নিউ ইয়র্কের হাজার হাজার খামার শ্রমিকদের সম্মিলিতভাবে শর্ত আরোপের এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুরক্ষার অধিকার প্রদান করার মাধ্যমে এই ঐতিহাসিক অগ্রগতির ধারা অব্যাহত রেখেছেন।

ডিসেম্বর 31, 2019 এর মধ্যে নিউ ইয়র্ক শহরের জন্য 15 মার্কিন ডলারের ন্যূনতম মজুরি সম্পূর্ণভাবে ফেজ-ইন করা হবে এবং লং আইল্যান্ড, ওয়েস্টচেস্টার এবং নিউ ইয়র্কের বাকি অংশে 15 মার্কিন ডলারে পৌঁছাতে চলেছে। 2016-17 স্টেট বাজেটের অংশ হিসেবে পাশ করানো হয়েছিল, এবং নিউ ইয়র্ক স্টেটের কর্মজীবী পরিবারগুলির জন্য অর্থনৈতিক ন্যায্যতা প্রতিষ্ঠা করতে গভর্নরের প্রচেষ্টার জন্য এটি একটি বিশাল কৃতিত্ব অর্জন।

অঞ্চলভেদে ফেজ-ইন সময়সূচি নিম্নরূপঃ

- নিউ ইয়র্ক শহরের বড় নিয়োগকর্তাদের (যাদের কমপক্ষে 11 জন কর্মী আছে) জন্য কাজ করা কর্মীদের জন্য, 2016 সালের শেষে সর্বনিম্ন বেতন বেড়ে 11 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 2 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/2018 এ 15 মার্কিন ডলার হবে।
- নিউ ইয়র্ক শহরের ছোট ব্যবসাগুলিতে (যাদের 10 জন বা তার কম কর্মী আছে) নিযুক্ত শ্রমিকদের জন্য 12/31/2019-তে ন্যূনতম মজুরি এসে দাঁড়াবে 15 মার্কিন ডলারে।
- নাসাউ, সাফোক এবং ওয়েস্টচেষ্টার কাউন্টির কর্মীদের জন্য, 2016 সালের শেষে ন্যূনতম মজুরি বেড়ে 10 মার্কিন ডলার হয়েছিল, এরপর প্রতি বছর 1 মার্কিন ডলার করে বৃদ্ধি পেয়ে 12/31/2019-এ 13 মার্কিন ডলারে দাড়ায়।
- রাজ্যের বাকি অংশের কর্মীদের জন্য, 2016 সালের শেষে ন্যূনতম মজুরি বেড়ে 9.70 মার্কিন ডলার হয়েছিল, এবং আরও .70 মার্কিন ডলার করে প্রতি বছর বৃদ্ধি পেয়ে 12/31/2019 এ, 11.80 মার্কিন ডলারে দাড়ায়।

আরো তথ্য পাওয়া যাবে এখানে www.ny.gov/minimumwage।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন